

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৫৬

আগরতলা, ১৩ মার্চ, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জেলায় হোলি উৎসবের দিনগুলিতে বিধিনিষেধ জারি**

শান্তিপূর্ণভাবে দোল/হোলি উৎসব উদযাপনের জন্য পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার (বিএনএসএস) ১৬৩ ধারার ২নং উপধারা অনুযায়ী সমগ্র পশ্চিম ত্রিপুরা জেলায় কিছু বিধিনিষেধ জারি করেছেন। এই নিষেধাজ্ঞা আগামী ১৪ মার্চ, ২০২৫ এবং ১৫ মার্চ, ২০২৫ সকাল ১০টা থেকে রাত ১২টা পর্যন্ত বলবৎ থাকবে।

জেলাশাসক আদেশে জানিয়েছেন আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত পুলিশ কর্মী এবং সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারি ব্যতীত কোন ব্যক্তি উল্লেখিত সময়ে আগ্নেয়াস্ত্র এবং অন্যান্য লাঠি জাতীয় অস্ত্রশস্ত্র বহন করতে পারবেন না। ৫ জনের বেশি ব্যক্তি এক জায়গায় সমবেত হতে পারবে না। একজন বা দু'জন আরোহী নিয়ে কোন বাইক চালকের ঘোরাফেরা করা কঠোর ভাবে নিষিদ্ধ। পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে জানিয়েছেন আদেশ অমান্যকারীর বিরুদ্ধে বিএনএস ২০২৩-এ ২২৩ ধারায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

\*\*\*\*\*